



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
jessoreboard.gov.bd



### বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : পিএস-৬৪

তারিখ : ১৮-০৫-২০২০ খ্রি.

কেভিড ১৯ সংক্রমণ রোধে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এবং সরকার কর্তৃক জমায়েত নিষিদ্ধ করায় এ বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বোর্ড/ম্যানেজিং কমিটি নির্বাচন স্থগিত রয়েছে। ফলে যে সকল প্রতিষ্ঠানের কমিটির মেয়াদ শেষ হয়েছে কিংবা শেষ হবার পথে (অর্থাৎ অবশিষ্ট সময়ে নির্বাচন করার সুযোগ নেই), সে সকল প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠন আবশ্যিক হয়ে পড়েছে বিধায় এডহক কমিটি গঠনের অনুমতি পাওয়ার জন্য কোন আবেদনের প্রয়োজন নেই। এই বিজ্ঞপ্তি অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্ত বলে গণ্য হবে।

২। এরপ প্রতিষ্ঠানসমূহের এডহক কমিটি গঠনের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানের জন্য প্রবিধানমালা ২০০৯ এর ৩৯(১)(গ)(অ) ধারা অনুযায়ী জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রতিনিধি এবং ৩৯(১)(গ)(আ) অনুযায়ী জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাচী অফিসার কর্তৃক মনোনীত একজন অভিভাবক প্রতিনিধির নামসহ এডহক কমিটি অনুমোদনের জন্য অনলাইনে আবেদন দাখিল করতে বলা হলো।

৩। সভাপতি মনোনয়নের জন্য কোনো ধরনের নাম প্রস্তাব করা যাবে না। প্রবিধানমালা ২০০৯ এর ৩৯ ধারা মোতাবেক সভাপতি মনোনয়ন সম্পূর্ণরূপে বোর্ডের চেয়ারম্যানের এখতিয়ার।

"The Intermediate and Secondary Education Board Ordinance 1961 এর section 11" এ প্রদত্ত ক্ষমতা বলে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(প্রফেসর ড. মোল্লা আমীর হোসেন)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর